



# রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস



২০২০-২০২১ ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে  
ভর্তি বিজ্ঞপ্তি

বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত) বায়োলজিক্যাল সায়েন্স স্পেসিআলাইজড একটি উচ্চশিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট। প্রতিষ্ঠানটি ২০২০-২০২১ইং শিক্ষাবর্ষ থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে চারটি বিষয়ে শিক্ষাকার্যক্রম শুরু করেছে। বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস -এ ২০২০-২০২১ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ১. মাইক্রোবায়োলজি (আসন সংখ্যা ৪০), ২. ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স (আসন সংখ্যা ৪০), ৩. এগ্রিকালচার (আসন সংখ্যা ৪০) ও ৪. ফিশারিজ (আসন সংখ্যা ৪০) বিভাগসমূহে ভর্তির জন্য শুধুমাত্র বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের নিকট হতে ৩০ আগস্ট ২০২১ থেকে ১৬ সেপ্টেম্বর ২০২১ রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে দরখাস্ত আহবান করা হচ্ছে। আবেদন ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা) ০১৭৯০ ৩২০৩২৮ (বিকাশ); ০১৭৮৪ ৩৮২১৪৮ (নগদ) থেকে send money করতে হবে।

আবেদনকারী ২০১৭ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত SSC/সমমান এবং ২০১৯ সাল থেকে ২০২০ সালের HSC/সমমানের ডিগ্রিধারী আবেদন করতে পারবে। প্রার্থীকে SSC ও HSC/সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.০ হতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০ এর কম হলে আবেদন করা যাবে না। ভর্তি পরীক্ষার সময় ১ ঘন্টা, নম্বর ১০০ (জীববিজ্ঞান-৬০, রসায়ন-৩০, ইংরেজি-১০) এবং ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে। ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই এবং SSC ও HSC -এ প্রাপ্ত (GPA) থেকে কোন নম্বর যোগ হবে না। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অথবা ইনস্টিটিউটের নিজস্ব ওয়েবসাইটে (<https://www.vib.edu.bd/admission>) অনলাইনে আবেদন ও ভর্তির নির্দেশিকা পাওয়া যাবে।

ভর্তি বিষয়ক যেকোন তথ্যের জন্য যোগাযোগ: বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস, একডালা, নাটোর-৬৪০০।

মোবাইল: ০১৭১৩ ২৬৪০৯৪; ০১৭৯০ ৩২০৩২৮।

বিশেষ প্রয়োজনে যোগাযোগ: ডিন অফিস, কৃষি অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী-৬২০৫।

## পরিচালক

বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্সেস  
(রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)  
একডালা, নাটোর-৬৪০০।